# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

আইন বিভাগ, বোর্ড সচিবালয়
পানি ভবন, কক্ষ নং- ৭০২ (লেভেল- ৭)
৭২ গ্রীণরোড, ঢাকা, ফোন: ০২২২২২৩০০৫৫

## প্যানেল আইনজীবী নিয়োগের বিজ্ঞপ্তি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পক্ষে বৃহত্তর ঢাকাস্থ উচ্চ ও নিম্ন আদালতে মামলা পরিচালনার লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে ২(দুই) বছরের জন্য সীমিত সংখ্যক বিজ্ঞ প্যানেল আইনজীবী নিয়োগের উদ্দেশে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| (১) | শিক্ষাগত যোগ্যতা | : | এলএলবি। তবে এলএলবি (সম্মান)সহ এলএলএম/বার-এট-ল ডিগ্রীধারী আইনজীবীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| (২) | অভিজ্ঞতা | : | অবসরপ্রাপ্ত জেলাজজ (অনূর্ধ্ব ৬০ বছর) অথবা দেওয়ানী ও ফৌজদারী মামলাসহ শ্রম, আরবিট্রেশন ও প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন সম্পর্কিত মামলা পরিচালনায় ন্যূনতম ১০(দশ) বছরের অভিজ্ঞতা; তবে অবসরপ্রাপ্ত জেলাজজ (অনূর্ধ্ব ৬০ বছর)/সুপ্রিম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে তালিকাভুক্ত ও মামলা পরিচালনায় অভিজ্ঞ আইনজীবীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| (৩) | ফি/সম্মানী | : | প্যানেলভুক্ত আইনজীবীগণ বোর্ডের পক্ষে মামলা পরিচালনার ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্ধারিত হারে মামলাভিত্তিক ফি/সম্মানী প্রাপ্য হবেন। তাঁদের অনুকূলে পরিশোধিত ফি/সম্মানী হতে সরকারি নিয়ম অনুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। প্যানেল আইনজীবীগণের অনুকূলে কোন মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে না। |
| (৪) | আবেদনের নিয়মাবলী | : | আগ্রহী আইনজীবীগণকে নির্ধারিত ফরমে মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বরাবরে আবেদন করতে হবে। এ লক্ষ্যে উপপরিচালক (আইন বিষয়ক)- এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, কক্ষ নং- ৭০২ (লেভেল- ৭), ৭২ গ্রীণরোড, ঢাকা হতে নির্ধারিত ফরম সংগ্রহ করে ২(দুই) কপি পাসপোর্ট আকারের ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বার কাউন্সিলের সনদপত্রের সত্যায়িত কপিসহ ৩(তিন) সেট দরখাস্ত আগামী ০২ চৈত্র ১৪২৯/১৬ মার্চ ২০২৩ তারিখের মধ্যে উপরিউক্ত ঠিকানায় দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। |
| (৫) | বাপাউবো- এর বর্তমান প্যানেলভুক্ত আইনজীবীগণ পুনরায় প্যানেলভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন। তবে তাঁদের আবেদন ফরমের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বার কাউন্সিলের সত্যায়িত সনদপত্র দাখিলের প্রয়োজন নেই। | | |

২৪/০২/২০২৩

ওবায়দুল ইসলাম
সচিব
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা